




ভূমিকম্পে হতাহতের ঘটনায় প্রধান উপদেষ্টার শোক প্রকাশ



সংগৃহীত ছবি

দেশের বিভিন্ন অঞ্চলে ভূমিকম্পে ঘরবাড়ি ধস ও নানা দুর্ঘটনায় প্রাণহানি ও আহত হওয়ার ঘটনায় গভীর শোক জানিয়েছেন প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস। শুক্রবার (২১ নভেম্বর) প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো এক বিবৃতিতে তিনি এ শোকবার্তা জানান।

বিবৃতিতে প্রধান উপদেষ্টা নিহতদের আত্মার মাগফিরাত কামনা করে শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানান। পাশাপাশি আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন তিনি। তিনি বলেন, সরকারের পক্ষ থেকে ক্ষয়ক্ষতির পূর্ণ বিবরণ সংগ্রহ ও পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে উদ্ধার ও ত্রাণ কার্যক্রম বাড়াতে সংশ্লিষ্ট দফতরগুলোকে নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে জনগণকে ধৈর্য ও সাহস নিয়ে পরিস্থিতি মোকাবিলার আহ্বান জানান তিনি।

বিবৃতিতে আরও জানানো হয়, এখন পর্যন্ত একজন শিশুসহ অন্তত পাঁচজনের মৃত্যুর তথ্য নিশ্চিত হয়েছে। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, গাজীপুরের এক শ্রমিক এবং ভূমিকম্পের উৎপত্তিস্থল নরসিংদীসহ বিভিন্ন জেলায় প্রায় একশো মানুষ আহত হওয়ার খবর পাওয়া গেছে।